দৈনিক ইত্তেফাক

তারিখ ... 28 MAR 1988 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 4

023

# ২টি পরীক্ষাকেন্দ্রে গুলী ॥ সংঘর্ষ ॥ ৮৬ জন আহত

আমাদের টাঙ্গাইল সংবাদদাতা জানান, গতকাল ভুয়াপুর পরীক্ষা কেন্দ্র পুলিশ ও নকল সরবরাহকারী-দের মধ্যে সংঘর্ষে ১ জন ম্যাজিষ্ট্রেট ও ২৭ জন পুলিশসহ ৮০ জন আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনিতে পুলিশ ৫৭ রাউণ্ড ফাকা গুলী ও ১৭ রাউণ্ড টিয়ার গ্যাস নিক্ষেপ করে। ৮ জনকে গ্রেফতার করা হইয়াছে।

চাঁপাইনবাবগঞ্জের সংবাদদাতার তার, নবাবগঞ্জ কেন্দ্রে নকল সরবরাহের ঘটনাকে কেন্দ্র করিয়া সংঘর্ষ বাধে। পুলিশ ৪ রাউণ্ড গুলী এবং ১৮ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। সংঘর্ষে একজন ম্যাজিষ্ট্রেট, একজন

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

(১ম পৃঃ পর)

এএসপি ও ৩ জন কনষ্টেবল আহত হয়। গুলীতে একজন বহিরাগত আহত হয়।

আমাদের নরসিংদী সংবাদদাতা টেলিফোনে জানান, গতকাল (রবিবার) শিবপুর পরীক্ষা কেন্দ্র হইতে দুইজন ভুয়া পরীক্ষার্থীসহ ৪ জনকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত ভুয়া পরীক্ষার্থীরা হইতেছে রুহুল আমিন ও কামাল উদ্দিন। গ্রেফতারকৃত অপর দুইজন হইতেছে মূল পরীক্ষার্থী আবদুস সামাদ আজাদ ও মুস্তালিম রাজু।

মনোহরদী পরীক্ষা কেন্দ্র হইতে পরীক্ষার প্রশ্নপত্র ফটোষ্ট্যাট করার সময় ২ জনকে গ্রেফতার করা হয়।